গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.shed.gov.bd

**বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন এবং কল্যাণ ট্রাস্ট ও অবসর সুবিধা বোর্ডের সুবিধাদি iBAS++ এর মাধ্যমে EFT তে প্রদানের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ ও অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **জনাব সোলেমান খান**<br>সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ<br>শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা |
| সভার স্থান | : | শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষ নং-১৮১৫ |
| তারিখ ও সময় | : | ৩০ জুলাই ২০২৪ দুপুর: ২.০০ টা |
| সভায় উপস্থিতি | : | পতাকা 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু হয়। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সহকারী সচিব, (বেসরকারি মাধ্যমিক-৩) শাখা জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম সভাকে অবহিত করেন, মন্ত্রিপরিষদ বিভাগের গত ২৭ নভেম্বর ২০২৩ তারিখের সভায় বেসরকারি এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের অবসরপ্রাপ্ত শিক্ষকগণের পেনশন প্রাপ্তির বিষয়টি সহজতর করার লক্ষ্যে iBAS++ এর মাধ্যমে পেনশন প্রদানের জন্য অর্থ বিভাগসহ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত হয়। পরবর্তীতে iBAS স্কীমের উদ্যোগে গত ০৪.১২.০২০২৩ ও ২৩.০১.২০২৪ তারিখে এবং অর্থ বিভাগের উদ্যোগে ২৭.০৩.২০২৪ তারিখে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী অবসর সুবিধা বোর্ড-কে নিয়ে পৃথক তিনটি সভা অনুষ্ঠিত হয়।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অধীন শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত জনবলের বেতন ভাতা EFT এর মাধ্যমে প্রেরণের লক্ষ্যে একটি এমপিও EFT Software Module Development এর জন্য কোম্পানী নিয়োগের কাজ চলমান রয়েছে। তথ্য যাচাই বাছাই ও Software Devemopment Company নিয়োগের পর EFT তে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন প্রদানের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সম্ভব হবে।

শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের কল্যাণ ট্রাস্ট এর সুবিধাদি iBAS++ এর মাধ্যমে EFT তে প্রদানের লক্ষ্যে গত ০৭/০৭/২০২৪ তারিখে কল্যাণ ট্রাস্টের বোর্ড সভায় অনুমোদিত হয়েছে। আগামী এক মাসের মধ্যে EFT এর মাধ্যমে কল্যাণ ট্রাস্টের সুবিধাদি বিতরণ করা সম্ভব বলে iBAS++ প্রকল্প হতে জানানো হয়েছে।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী অবসর সুবিধা বোর্ডের সভা ০৭/০৭/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়ে কার্যবিবরণী অনুমোদনের অপেক্ষায় রয়েছে। কার্যবিবরণী অনুমোদনের পর অবসর বোর্ডের সুবিধাদি EFT এর মাধ্যমে বিতরণের কার্যক্রম গ্রহণ করা হবে। অনুমোদনের পর এক মাসের মধ্যে EFT এর মাধ্যমে অবসর বোর্ডের সুবিধাদি বিতরণ করা সম্ভব বলে iBAS++ প্রকল্প হতে জানানো হয়েছে।

২.০ সচিব মহোদয় সভাকে জানান EFT এর মাধ্যমে বেতন ভাতাদি প্রদানের বিষয়টি ২০২৪ সালের জানুয়ারী মাসে পাইলটিং প্রোগ্রাম শেষ করার সিদ্ধান্ত থাকলেও তা বাস্তবায়ন করা হয় নি। আমরা আগামী ডিসেম্বর/২০২৪ তারিখের মধ্যে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে EFT এর মাধ্যমে বেতন প্রদান করতে চাই। এ বিষয়ে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং অর্থ মন্ত্রণালয়কে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানান।

চলমান পাতা/-০২

৩.০ অর্থ বিভাগের যুগ্ম সচিব আবু দাইয়ান মোহাম্মদ আহসান উল্লাহ্ জানান, আমরা জি টু পি পদ্ধতিতে ব্যক্তির ডাটা সংরক্ষণ করে থাকি। এ ক্ষেত্রে কোম্পানী গঠনের কোন প্রয়োজনীয়তা নেই। বয়স্কভাতা প্রদানের ক্ষেত্রে সমাজসেবা মন্ত্রণালয় ডাটা এন্ট্রি করে ডাটাবেস তৈরি করে দিয়েছে। আমরা সেখান থেকে ভাতা দিচ্ছি। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এভাবেই করতে পারে।

৪.০ iBAS প্রতিনিধি অর্থ বিভাগের উপসচিব মোহাম্মদ আনিসুজ্জামান জানান বর্তমানে MPO System এ যে তথ্য আছে তা নেওয়া যাচ্ছে না। কারণ এ তথ্য NID থেকে গ্রহণ করা হয়নি। MPO System এ NID এর তথ্য সংযুক্ত করতে হবে।

৫.০ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বলেন, আগামী ২ সপ্তাহের মধ্যে MPO System এর সাথে NID সংযুক্ত করে ডাটাবেস ও প্রয়োজনীয় সফটওয়ার তৈরী করতে পারবো।

৬.০ iBAS প্রতিনিধি যুগ্মসচিব ড. মোহাম্মদ হোসেন জানান NID এর সাথে নাম এবং জন্ম তারিখ মিল থাকতে হবে। মিল না থাকলে বেতন প্রদান করা সম্ভব হবে না।

**সিদ্ধান্তসমূহ:**

(১) আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৪ এর তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের MPO System-এ সংরক্ষিত সকল শিক্ষক-কর্মচারীর তথ্যের সাথে NID এর তথ্য সংযুক্ত করে ডাটাবেস তৈরীর কাজ শেষ করতে হবে এবং অর্থ বিভাগের ইন্টিগ্রেটেড বাজেট এন্ড একাউন্টিং সিস্টেম (iBAS++) এর সাথে Application Program Interface (API) স্থাপন করতে হবে;

(২) অক্টোবর/২০২৪ মাসের বেতন হতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা EFT এর মাধ্যমে প্রেরণের জন্য ৯ টি অঞ্চলের নিম্নবর্ণিত ৯ টি উপজেলা/থানা পাইলটিং করে শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদি EFT তে প্রদান করতে হবে:

| ক্রমিক নং | অঞ্চলের নাম | নির্বাচিত উপজেলা/ থানা |
|---|---|---|
| ০১ | ঢাকা | রমনা থানা |
| ০২ | চট্টগ্রাম | কোতয়ালী থানা |
| ০৩ | রাজশাহী | বোয়ালিয়া উপজেলা |
| ০৪ | খুলনা | কোতয়ালী থানা |
| ০৫ | কুমিল্লা | আদর্শ সদর কুমিল্লা |
| ০৬ | সিলেট | সিলেট সদর উপজেলা |
| ০৭ | ময়মনসিংহ | ময়মনসিংহ সদর উপজেলা |
| ০৮ | রংপুর | রংপুর সদর উপজেলা |
| ০৯ | বরিশাল | বরিশাল সদর উপজেলা |

(৩) ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে এমপিওভুক্ত সকল শিক্ষক-কর্মচারীদের বেতন iBAS++ এর মাধ্যমে EFT পদ্ধতিতে প্রদান করতে হবে;

(৪) জানুয়ারি ২০২৫ হতে EFT ব্যতিত কোন এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারী বেতন ভাতা প্রদান করা হবেনা;

(৫) iBAS++ সিস্টেম এর সাথে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের কল্যাণ ট্রাস্ট ও অবসর সুবিধা বোর্ডের সিস্টেমের API এর সংযোগ করতে হবে;

(৬) আগামী ২০/০৮/২০২৪ তারিখের মধ্যে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের কল্যাণ ট্রাস্ট ও অবসর সুবিধা বোর্ডের এর নামে পৃথক পৃথক প্রজাতন্ত্রের সরকারি হিসাব Personal Ledger সৃজন করতে হবে;

(৭) অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীদের কল্যাণ সুবিধা প্রাপ্তির বিষয়ে যাদের এডভাইস ইতোমধ্যে ব্যাংকে প্রেরণ করা হয়েছে তাদের বিদ্যমান পদ্ধতিতে পরিশোধ করা হবে। EFT চালুর পূর্বে নতুনভাবে ব্যাংকে কোন এডভাইস পাঠানো যাবেনা;

চলমান পাতা/-০৩

(৮) আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৪ এর মধ্যে EFT এর মাধ্যমে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অবসর ভাতা ও কল্যাণ সুবিধা প্রদান শুরু করতে হবে।

৭.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষরিত/-**
তারিখ-০৭/০৮/২০২৪

(সোলেমান খান)
সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

নং-৩৭.০০.০০০০.০৭৪.২৯.০০১.২৪-১৯২

তারিখ: ২৭ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ / ১১ আগস্ট ২০২৪ খ্রিষ্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মহাপরিচালক (গ্রেড-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (মাধ্যমিক-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. যুগ্মসচিব (বেসরকারি মাধ্যমিক) অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জনাব আবুল বাশার মুহাম্মদ আমীর উদ্দিন, সিনিয়র ফাংশনাল পরামর্শক, BACS and iBAS++স্কিম, IEEB রমনা, ঢাকা।
৬. ড. মোহাম্মদ হোসেন, সিনিয়র ফাংশনাল পরামর্শক, BACS and iBAS++স্কিম, IEEB রমনা, ঢাকা।
৭. প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++স্কিম, IEEB রমনা, ঢাকা।
৮. উপসচিব (বাজেট-২), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. পরিচালক (প্রশাসন ও কলেজ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১১. পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১২. জনাব শরীফ আহমদ সাদী, সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ব্যানবেইস, ঢাকা।
১৩. জনাব মোঃ শাহজাহান আলম সাজু, সচিব, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট, ব্যানবেইস, ঢাকা ।
১৪. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. জনাব বারুনী রঞ্জন বিশ্বাস, উপ-পরিচালক, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ব্যানবেইস, ঢাকা।
১৬. উপ-পরিচালক (কলেজ-২), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১৭. উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১৮. উপ-পরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১৯. জনাব মোঃ আবুল বাশার, উপ-পরিচালক, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী কল্যাণ ট্রাস্ট, ব্যানবেইস, ঢাকা।
২০. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২১. জনাব জামাল হোসেন, প্রোগ্রামার, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক ও কর্মচারী অবসর সুবিধা বোর্ড, ব্যানবেইস, ঢাকা।
২২. জনাব সাকিব ইবনে দাউদ, টেকনিক্যাল স্পেশালিস্ট, BACS and iBAS++স্কিম, IEEB রমনা, ঢাকা।
২৩. অফিস কপি।

১১.০৮.২৪

**(মোহাম্মদ তৌহিদুল ইসলাম)**
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০০৫১৭
ই-মেইল : nongovt.secondary.sec3@shed.gov.bd